অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/1/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জুয়ার সমস্যা সম্পর্কিত আসক্তিমূলক প্রভাবগুলির বিরুদ্ধে লড়াইয়ের জন্য আইনে স্বাক্ষর করেছেন

আইন S1550/A1118-এ জুয়া খেলার সম্ভাব্য ক্ষতিকারক এবং আসক্তিমূলক প্রভাবগুলি সম্পর্কে সতর্কতা অন্তর্ভুক্ত করার জন্য জুয়া এবং ক্রীড়া সংক্রান্ত বাজির জন্য সমস্ত বিজ্ঞাপনের প্রয়োজন

গভর্নর ক্যাথি হোকল জুয়ার সমস্যা সম্পর্কিত আসক্তিমূলক প্রভাবগুলির বিরুদ্ধে লড়াইয়ের জন্য আইনে স্বাক্ষর করেছেন আইন S1550/A1118-এ জুয়া খেলার সম্ভাব্য ক্ষতিকারক এবং আসক্তিমূলক প্রভাবগুলি সম্পর্কে সতর্কতা অন্তর্ভুক্ত করার জন্য জুয়া এবং ক্রীড়া সংক্রান্ত বাজির জন্য সমস্ত বিজ্ঞাপনের প্রয়োজন পূর্ববর্তী আইনে বলা হয়েছে যে প্রতিটি বিজ্ঞাপনে অবশ্যই একটি জুয়া খেলা সম্পর্কিত সমস্যার হটলাইন নম্বর স্পষ্টভাবে এবং বিশিষ্টভাবে পোস্ট করতে হবে। আইন S1550/A1118 পূর্ববর্তী বিলটির অনুবর্তী এটি স্পষ্ট করার জন্য যে মোবাইলে ক্রীড়া সম্পর্কিত বাজির বিজ্ঞাপনগুলি একই শর্তের সাপেক্ষে যা অন্যান্য গেমিং-সম্পর্কিত বিজ্ঞাপনগুলিতে প্রযোজ্য হয়।

"জুয়া খেলার সমস্যা এবং ক্রীড়া সম্পর্কিত বাজির বিপজ্জনক এবং আসক্তিমূলক প্রভাবগুলি থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করা আমাদের মহান রাজ্যের সমৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।" **গভর্নর হোকল বলেছেন।** "আমি চাই নিউ ইয়র্কবাসীরা যাতে নিরাপদে তাদের পছন্দের ক্রিয়াকলাপগুলি উপভোগ করতে পারেন, প্রয়োজনে সতর্কতার সাথে এগিয়ে যাওয়ার সময়। আমি আত্মবিশ্বাসী যে এই নতুন বিলে স্বাক্ষরের ফলে, নিউ ইয়র্কবাসীরা আসক্তির কবল থেকে নিজেদেরকে আরও ভালোভাবে রক্ষা করার জন্য প্রয়োজনীয় নিরাপত্তার সংস্থানগুলিতে সহজে অ্যাক্সেস পাবেন।"

আইন S1550/A1118-এ জুয়া খেলার সম্ভাব্য ক্ষতিকারক এবং আসক্তিমূলক প্রভাবগুলি সম্পর্কে সতর্কতা অন্তর্ভুক্ত করার জন্য জুয়া এবং ক্রীড়া সংক্রান্ত বাজির জন্য সমস্ত বিজ্ঞাপনের প্রয়োজন; এবং এতে স্টেট গেমিং কমিশনকে আসক্তি পরিষেবা এবং সমর্থন কমিশনারের সাথে সহযোগিতা করতে প্রয়োজন হয় এটি নিশ্চিত করতে যাতে গেমিং সংক্রান্ত কার্যকলাপের জন্য সমস্ত বিজ্ঞাপন একটি জুয়ার খেলার সমস্যা সংক্রান্ত হটলাইন নম্বর প্রদান করে।

স্টেট সিনেটর লেরয় কমরি বলেছেন, “নিউ ইয়র্কের বাসিন্দাদের বিভিন্ন জুয়া খেলার বিকল্প রয়েছে, যার মধ্যে রয়েছে ক্যাসিনো, রেসট্র্যাক, লটারি এবং ক্রীড়ায় বাজি দেওয়ার প্ল্যাটফর্ম যেমন FanDuel এবং DraftKings।। এটি অপরিহার্য যে ব্যবহারকারীদের যাতে আসক্তির সংক্রান্ত ঝুঁকি সম্পর্কে অবহিত করা হয় এবং প্রয়োজনে কোথায় সাহায্য চাইতে হবে তাঁরা তা সম্পর্কে জানেন। যদিও রাজ্যের জন্য রাজস্ব অবশ্যই গুরুত্বপূর্ণ, দায়িত্বশীল জুয়ার প্রচার করা এবং আমাদের সম্প্রদায়গুলিকে সুরক্ষিত রাখাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমার সহকর্মী অ্যাসেম্বলির সদস্য ক্লাইড ভ্যানেলকে আমার এবং আমাদের সহকর্মীদের সাথে এটি পাশ করতে কাজ করার জন্য এবং এই বিলটিকে আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলির সদস্য ক্লাইড ভ্যানেল বলেছেন, “আমরা আনন্দিত যে গভর্নর এই বিলটিকে সেই নিউ ইয়র্কবাসীদের সুরক্ষায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে স্বীকৃতি দিয়েছেন যাদের জুয়ার আশক্তি সম্পর্কিত ঝুঁকি থাকতে পারে। এই নতুন আইনের মাধ্যমে, আমরা আমাদের রাজ্য জুড়ে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষাকে জোরদার করে তুলছি। জুয়ার বিজ্ঞাপন সংক্রান্ত আইনে এই নতুন পরিবর্তনগুলি দায়িত্বশীল গেমিংয়ের অনুশীলনকে প্রচার করতে এবং যাদের এটি প্রয়োজন তাদের জন্য সহায়তা প্রদান করতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেট গেমিং কমিশনের চেয়ারম্যান ব্রায়ান ও'ডায়ার বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট দায়িত্বশীল গেমিংয়ের অনুশীলনের গুরুত্ব স্বীকার করে এবং জুয়ারিদের রক্ষা করা ও শিক্ষিত করার জন্য শক্তিশালী সুরক্ষার ব্যবস্থা রয়েছে। যদিও গেমিং কমিশন ইতিমধ্যেই স্পোর্টস বাজির অপারেটরদের দ্বারা সমস্ত বিজ্ঞাপনে জুয়া খেলার সমস্যার মেসেজিং অন্তর্ভুক্ত করাতে চায়, তাও আমদের এই উৎসাহ প্রদান করা হয় যে এই সাধারণ-বোধের ব্যবস্থাটি রাজ্যের আইনে কোডিফাই করা হয়েছে। এই বিলে স্বাক্ষর করার মাধ্যমে, গভর্নর হোকল এমন স্মার্ট এবং দায়িত্বশীল গেমিংয়ের নীতিগুলি প্রদান করে চলেছেন যা আমাদের রাজ্যকে সমর্থন করতে সহায়তা করে।"

নিউ ইয়র্ক স্টেটের আসক্তি সম্পর্কিত পরিষেবা এবং সমর্থনের কমিশনার ডাঃ চিনাজো কানিংহাম বলেছেন, “আগে থেকে এখন অনেক বেশি লোক জুয়া খেলায় প্রবেশ করতে সক্ষম, তাই এই সুযোগগুলির বৃদ্ধির সাথে সাথে, এটি গুরুত্বপূর্ণ যে আমরা নিউ ইয়র্কবাসীদের জুয়া খেলার সাথে সম্পর্কিত ঝুঁকি এবং তারা কোথায় সাহায্য এবং সহায়তা পেতে পারেন সে সম্পর্কে তাদের শিক্ষা প্রদান করার জন্য আমাদের প্রচেষ্টা চালিয়ে যাই। এই বিলে স্বাক্ষর করার সাথে সাথে, গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য এবং এটি নিশ্চিত করার জন্য আরও গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছেন যে তারা দায়িত্ব সহকারে জুয়া খেলা চালিয়ে যেতে পারেন, এবং সেই সাথে প্রয়োজনে তারা অত্যাবশ্যকীয় সংস্থানগুলি সহজেই অ্যাক্সেস করতে পারেন তা নিশ্চিত করে।"

জুয়ার সমস্যাকে প্রায়ই একটি লুকানো আসক্তি হিসাবে উল্লেখ করা হয় কারণ প্রায়শই কোনও বাহ্যিক শারীরিক লক্ষণ থাকে না। এটির ফলে ব্যক্তিদের সাথে তাদের পরিবার এবং বন্ধুদের জন্যও আর্থিক, মানসিক, সামাজিক, পেশাগত এবং শারীরিক ক্ষতি হতে পারে এবং বিধ্বংসী পরিণতি হতে পারে।

জুয়া খেলার সমস্যার জন্য সাহায্য চাওয়া ব্যক্তিদের কাছে নিউ ইয়র্ক স্টেটে সাহায্যের অনুসন্ধানের জন্য অনেকগুলি বিকল্প রয়েছে, যার মধ্যে রয়েছে হাসপাতালে ভর্তি, বহির্বিভাগের, আবাসিক প্রোগ্রাম এবং পুনরুদ্ধারের সহায়তা, যেগুলি প্রত্যয়িত প্রদানকারীদের একটি মজবুত সিস্টেম, রাজ্য-চালিত চিকিৎসার পরিষেবা এবং একটি শক্তিশালী ব্যক্তিগত অনুশীলনকারী নেটওয়ার্কের মাধ্যমে। আঞ্চলিক জুয়া খেলার সমস্যা সম্পর্কিত রিসোর্স সেন্টার, যেখানে OASAS দ্বারা অর্থায়ন করা হয় এবং যেটি নিউ ইয়র্ক কাউন্সিল অন প্রবলেম গ্যাম্বলিং দ্বারা পরিচালিত, সাহায্যের জন্য তথ্য, প্রশিক্ষণ এবং সংযোগ সহ সংস্থান প্রদান করতে পারে। রাজ্যের প্রতিটি অঞ্চলে এই সেন্টারগুলি উপলব্ধ।

যারা সহায়তা চাইছেন তারা NYProblemGamblingHelp.org দেখতে পারেন বা নিউ ইয়র্ক স্টেটের গোপনীয় HOPEline-এর 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করতে বা HOPENY (467369) নম্বরে টেক্সট করতে পরেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন